আগামী অর্থবছরেই এক অঙ্কে নামবে ঋণের সুদহার: গভর্নর



সংগৃহীত ছবি

২০২৬–২০২৭ অর্থবছরের মধ্যে দেশের ঋণের সুদহার এক অঙ্কে নামিয়ে আনার পরিকল্পনার কথা জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর। ব্যবসায়ী নেতাদের সঙ্গে বৈঠকে তিনি রিজার্ভ বৃদ্ধি, ঋণ পুনঃতফসিল ও রফতানি তহবিল সম্প্রসারণের বিষয়ে আশ্বাস দেন।

আগামী ২০২৬–২০২৭ অর্থবছরে দেশের ঋণের সুদহার এক অঙ্কে নামিয়ে আনা হবে বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুর। বৃহস্পতিবার (৯ অক্টোবর) দুপুরে এফবিসিসিআই, বিজিএমইএ, বিকেএমইএ এবং বিটিএমএর ১৪ সদস্যের একটি প্রতিনিধি দল গভর্নরের সঙ্গে বৈঠকে মিলিত হলে তিনি এই আশ্বাস দেন।

বৈঠকে ব্যবসায়ী নেতারা ঋণ পরিশোধের মেয়াদ বাড়ানো, সুদের হার স্থিতিশীল রাখা এবং বাংলাদেশ ব্যাংকের কার্যকর হস্তক্ষেপ নিশ্চিত করার দাবি জানান। পাশাপাশি, রফতানি উন্নয়ন তহবিলের পরিমাণ বাড়ানোর বিষয়েও প্রস্তাব দেন তারা।

গভর্নর আহসান এইচ মনসুর বলেন, “রিজার্ভ বাড়লে রফতানি তহবিলও বৃদ্ধি করা হবে। ইতোমধ্যে মোট স্থিতির ২ শতাংশ জমা দিয়ে খেলাপি ঋণ পুনঃতফসিলের নীতিমালা চালু করা হয়েছে, যেখানে ঋণ পরিশোধের সময়সীমা ১০ বছর পর্যন্ত রাখা হয়েছে।”

তবে ব্যবসায়ী নেতারা আশঙ্কা প্রকাশ করেছেন যে, ১০ বছরের মেয়াদ অনেকের জন্য যথেষ্ট নাও হতে পারে। তাদের মতে, সময়সীমা না বাড়ালে অনেক প্রতিষ্ঠান পুনঃতফসিলের সুবিধা পেয়েও পরিশোধে ব্যর্থ হতে পারে।

রফতানি খাতের বিদ্যমান সংকট নিরসনে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নরের নেতৃত্বে একটি বিশেষ কমিটি গঠনের সিদ্ধান্তও নেওয়া হয়েছে, যা আগামী সপ্তাহ থেকে কার্যক্রম শুরু করবে।